# দিঘলিয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৬ জানুয়ারি ২০২৩, বৃহস্পতিবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ডিসেম্বর ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ডিসেম্বর ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ডিসেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৫৮,৪৩৫/-<br>মোট ব্যয়- ৪,২০,৬০৬/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা কৃষি ও সেচ কমিটি। | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে বোরো ধানের বীজতলা ২৯৬ হেঃ বীজতলা অর্জিত হয়েছে এর মধ্যে উফশী ৭৪ হেঃ ও হাইব্রিড ২২২ হেঃ এবার বোরো ধানের লক্ষ্যমাত্রা ৪,৯০০ হেক্টর। রবি মৌসুমে জমিতে ৩১০ হেঃ সবজী আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভার ও প্রাকৃতিক দূর্যোগ না থাকায় বর্তমানে মাঠে সজীর অবস্থা খুব ভালো ও কৃষকরা সজীর ভাল দাম পাওয়ায় আনন্দতি। তিনি বলেন | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে মাঠ পর্যায়ে | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলায় বোরো মৌসুমে ৪,৯০০ হেক্টর জমিতে বোরো ধানের চারা রোপন করা হয়েছে। কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ১১০ মে: টন, টিএসপি ৫০ মে: টন, ডিএপি, ১৩০ মে: টন, এমওপি ১৮ মে: টন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলের চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকদের মাঝে চুঁইঝালের চাষে ব্যাপক সাড়া পড়েছে। | নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা সমাজকল্যাণ কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতা ভোগী মৃত্যুবরণ করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গনকে পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৬ | উপজেলা শিক্ষা কমিটি | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২৩ সলের প্রথম দিনেই বই উৎসবের মাধ্যমে সকল শিক্ষার্থীদের হাতে পাঠ্যবই তুলে দেয়া হয়েছে। তবে ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত কিছু বই এখনও পাওয়া যায়নি। খুব শীঘ্রই অবশিষ্ট বই পাওয়া যাবে বলে সভাকে অবহিত করেন। তবে বই পাওয়া মাত্রই তা বিদ্যালয়ে বিতরণ করা হবে। তিনি বলেন পিইডিপি-৪ প্রকল্পের আওতায় উপজেলাধীন ৩৭ নং লাখোহাটি উঃপাড়া সঃ প্রাঃ বিদ্যালয়টিতে জরাজীর্ণ ভবনের স্থালে 3H-2v-4wb সিড়িসহ নতুন ভবন নির্মাণের কার্যক্রম ২০২১ সালের মার্চ মাস থেকে শুরু হয়ে প্রায় ২৩ (তেইশ) মাস পার হয়ে গেলেও কাজের কোন সন্তোষজনক অগ্রগতি নেই। বিগত ১৬/১১/২০২২ তারিখ উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয়টির নির্মাণকাজ পরিদর্শনে গিয়ে খুবই হতাশা প্রকাশ করেন। বিগত ২৩ (তেইশ) মাসে মূলভবনের পিলারগুলি লিন্টন পর্যন্ত উঠানো হলেও লিন্টনের কোন কাজ হয়নি। একাধিকবার পত্রের মাধ্যমে এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অবহিত করা হয়েছে। বিদ্যালয়ে পাঠদানের কোন বিকল্প ঘর না থাকায় প্রকল্প দপ্তরের সাথে উপজেলা প্রকৌশলী মহোদয় পত্র যোগাযোগ করে উক্ত নির্মিতব্য ভবনের পার্শ্বে একটি টিনের ঘর তৈরী করে দেয়ার কথা থাকলেও সেটিও না হওয়ায় সাময়িক পাঠদানের জন্য রুটিন মেইনটেনেন্স এর টাকা দিয়ে কোন রকমের একটি টিনের ঘর তৈরী করা হয়েছিলো যা ১৩৪ জন ছাত্র ছাত্রীর জন্য একবারেই অপ্রতুল এবং সেটিও ভেঙ্গে পড়ছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে অতি অল্প সময়ের মধ্যে অবশিষ্ট সকল পাঠ্য বই পাওয়ার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় যোগাযোগসহ কার্যকরী ব্যবস্থা নিতে অনুরোধ করাসহ শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের ধারাবহিকতা ধরে রাখার জন্য ২০২২-২৩ অর্থ বছরে উক্ত বিদ্যালয়ের স্লিপ ফান্ডের বরাদ্দকৃত অর্থ দিয়ে টিনের ঘর মেরামত এবং অস্থায়ী ওয়াশরুম তৈরীর জন্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা আইন শৃঙ্খলা কমিটি | সভায় উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে, বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। নারী ও শিশু পাচার প্রতিরোধ কার্যক্রম অব্যাহত আছে। মাধক নিয়ন্ত্রনে তিনি সর্বদা সজাগ দৃষ্টি রেখেছেন। গোয়েন্দা ভিত্তিতে কোথায় কোন মাদকের সন্ধান পেলে তিনি সাথে সাথে ব্যবস্থা গ্রহন করেছেন। এছাড়া বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যহত আছে। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এব্যপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতার অনুরোধ করেছেন। তিনি বলেন আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং নারী ও শিশু পাচার প্রতিরোধ এবং বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানগন সকল রাজনৈতিক ব্যাক্তি, সমাজসেবী সুশীলসমাজের প্রতিনিধিগনদের সহযোগিতা করার আহব্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রনে রাখতে এবং মাদক নিয়ন্ত্রনে সকলকে সহযোগিতা করাসহ নারী ও শিশু পাচার প্রতিরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র এলাকার জনপ্রতিনীধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে ২০২৩ সালের ১ লা জানুয়ারি বই উৎসব সম্পাদিত হয়। বই উৎসব সম্পাদনে সহযোগিতা করার জন্য সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১লা জানুযারী/২০২৩ সালের বই বিতরণ মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে বই করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া। |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, প্রত্যেক বছরের ন্যয় এ বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০ জন নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে প্রশিক্ষণ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৭ ব্যচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে, বাজেট অনুযায়ী ০১ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী গত মাস পর্যন্ত ৯,৮০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। আদায়ের হার মোটামোটি ভাল তবে কোভিড ১৯ এর কারণে কিছু খেলাপী আছে প্রশাসন সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব হবে বলে আশা ব্যক্ত করেন। শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৩ এ ০৫ টি ক্যাটগরিতে দরখাস্ত আহবান করার বিজ্ঞপ্তি পাওয়া গিয়াছে। আবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় জমা দেয়ার জন্য বলা হয়েছে। এছাড়া যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের জন্য যুব সংগঠন সমূহকে অনলাইনে আবেদন করার জন্য বিজ্ঞপ্তি পাওয়া গিয়াছে। দপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম শুরু হবে। বিজ্ঞপ্তি মোতাবেক যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রদানের জন্য যুব সংগঠন সমূহকে অনলাইনে আবেদন করার জন্য বলা হয়েছে। তবে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে কাজ করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি বলেন প্রধান কার্যালয় হতে টেকাব শীর্ষক প্রকল্প আওতায় বিনা খরচে কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং প্রশিক্ষণ কোর্সে ভর্তির অনুমোদন পাওয়া গিয়াছে। প্রশিক্ষনের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। প্রশিক্ষাণটি ০১/০৩/২০২৩ খ্রি: তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগীতা কামান করছি। শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৩ উপলক্ষ্যে ক্রীড়া কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য ০১ টি আবেদন পাওয়া গিয়াছিল বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম সম্পন্ন করা ও ঋণ আদায় ও বিতারণের কাজে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০ | বিবিধি আলোচনা। উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, জাতীয় মৎস্য পদক ২০২৩ এর জন্য মনোনয়ন আহব্বান করা হয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারি মধ্যে উক্ত মনোনয়ন জেলা মৎস্য দপ্তরের প্রেরণের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। জাতীয় মৎস্য পদকের বিভিন্ন ক্ষেত্রসমূহ ও সেসকল ক্ষেত্রে পদক প্রাপ্তির নূন্যতম মানদন্ডসমূহ এবং প্রয়োজনীয় প্রমাণকের বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। তিনি উপস্থিত জনপ্রতিনিধিগণ ও উপস্থিত সকলকে দিঘলিয়া উপজেলায় কোন ক্ষেত্রে প্রযোজ্য মানদন্ডে উত্তীণ/প্রতিষ্ঠন থাকলে তার বিস্তরিত তথ্যাদি উপজেলা মৎস্য দপ্তরে আগামী ০৫/০২/২০২৩ খ্রি: তারিখের মধ্যে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন দিঘলিয়া উপজেলার কোন চাষি দেশীয় প্রজাতির মাছ চাষে আগ্রহী হলে এবং তার প্রদর্শনী স্থাপনযোগ্য নূন্যতম ৫০ শতাংশ আয়তনের পুকুর/ঘের থাকলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান/চেয়ারম্যনের সুপারিশসহ আবেদনপত্র উপজেলা মৎস্য দপ্তরে আগামী ১৫ ফেব্রুয়ারি তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তিনি বলেন সাসটেইনবেল কোস্টল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্টের আওতায় দিঘলিয়া উপজেলায় গঠিত ১২ টি ক্লাস্টারের মধ্যে ০৩ টি ক্লাস্টারে মৌলিক কারিগারি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমান্বয়ে অন্যান্য ক্লাস্টার সদস্যদেরকেও এ প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি আরো বলেন বিশেষ কম্বিং অপারেশ-২০২৩ ও অন্যান্য মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে ক্লাষ্টার প্রজেক্টটির কাজ দ্রুত শেষ করাসহ অবৈধ জাল নির্মূলে বিশেষ কম্বিং অপারেশন সঠিকভাবে সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত ১৯/০১/২৩ তারিখ হতে ২৩/০১/২৩ খ্রি: পর্যন্ত কুকুরের ভ্যাকসিন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদান করার পর থেকে সংশ্লিষ্ট ইউনিয়নে প্রশিক্ষণার্থীরা এ পর্যন্ত ৬৫০ টি কুকুরকে জলতাংক রোগের ভ্যাকসিন প্রদান করেছেন। তিনি বলেন করোনার ৪র্থ ডোজ গ্রহনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন ৫ বছরের উর্দ্ধের শিশুদেরকে প্রথম ডোজ টিকা প্রদান করা হয়েছে প্রায় ২০,০০০ হাজার শিশুকে এবং | সভায় বিস্তারিত আলোচনান্তে কুকুরের জলতাংক রোগের ভ্যাকসিন প্রদানের ধারাবাহিকতাসহ ৪র্থ ডোজ গ্রহণের সকলকে উদ্বুদ্ধ করণ এবং ৫ বছরের | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এই টিকা প্রদানকালে যে সমস্ত শিশুরা এখন পর্যন্ত প্রথম ডোজ গ্রহন করেনি তাদের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে দিন ধার্য করে টিকা প্রদান করা হবে। | বয়স পর্যন্ত বাদ পরা শিশুদের ধার্য তারিখে স্ব স্ব ইউনিয়ন পরিষদ হতে টিকা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলার জানুয়ারি/২০২৩ ইং মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৮২.৪২%। অস্থায়ী সল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার বেশি। এছাড়া কপার্টি গ্রহীতা ১০ জন, ইমপ্লান্ট গ্রহীতা ১৮ জন, স্থায়ী পদ্ধতি গ্রহীতা ২০ জন যা লক্ষ্যমাত্রা অনুযায়ী সনন্তোষজনক। তিনি বলেন আশ্রয়ন প্রকল্পে আমাদের কর্মী প্রতিসপ্তাহে সেবাপ্রদান করছে। সভায় সভাপতি মহোদয়, স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহিতা বাড়ানোর লক্ষ্যে সিটিকর্পোরেশনসহ নিম্ন অগ্রগতি এলাকার সংশিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্মীদের মোটিভেশন কার্যক্রম ও তদারকি বৃদ্ধি করাবার জন্য পরামর্শ প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুয়ায়ী দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব | <u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে প্রকল্প কমিটির কাজ ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত হওয়ায় প্রকল্পগুলির প্রকল্প কমিটির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট (এডিপি ও ইউ ডি এফ) প্রকল্পগুলি প্যাকেজ ভিত্তিক ০৬/০২/২০২৩ খ্রি: তারিখে দাখিলের তারিখ নির্ধারণ করে টেন্ডারের আহবান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার নির্বাচিন করে তাদের অনুকূলে কার্যাদেশ প্রদান পূর্বক দুত বাস্তবায়িত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| | | প্রস্তাব-২ উপজেলা পরিষদের আবাসিক ভবন (বনছায়া) দোতলা ভবনটি অত্যান্ত জরার্জীণ এবং বসবাসের অনুপযোগী হওয়ায় দূর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বসবাসকারীদের বাসাবরাদ্দ বাতিল অথবা অন্যাত্র স্থানান্তর করার বিষয় সভায় উপস্থাপন করা হলো। উপজেলা পরিষদের বিভিন্ন কোয়াটারে বসবাসকারীদের নিকট বাসাভাড়া বাকি রয়েছে সেগুলো আদায়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে ভবনটি দোতলা ঝুকিঁপূর্ণ হওয়ায় বসবাসের অনুপযোগী করার ও বকেয়া বাসাভাড়া দাগিদের মাধ্যমে আদায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | প্রস্তাব-৩: সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বাউন্ডারী ওয়াল ও প্রবেশ গেট নির্মাণ প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তির নোটিশ ২ টি পত্রিকায় এবং এডিপি ও ইউডিএফ এর টেন্ডার বিজ্ঞপ্তি নোটিশ ১ টি মোট ৩ টি পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার বিজ্ঞপন বিল পাওয়া গিয়াছে বিল নিম্নরুপ:<br>১। দ্যা বিজনেস স্ট্যান্ডর্ড টাকা=১২,৭৩০/-<br>২। প্রতিদিনের সংবাদ টাকা=২৪,৮৪০/-<br>৩। দৈনিক পূর্বাঞ্জল টাকা=৯, ৭০৩/-<br>পত্রিকার বিল দুইটি পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত পত্রিকা বিল তিনটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | প্রস্তাব-৪: সভয় উপজেলা প্রকৌশলী জানান যে, বিগত আগস্ট/২০২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন বাজারের চাঁন্দিনার পুরাতন লোহার এ্যাঞ্জেল, উপজেলা পরিষদ চত্বরে রক্ষিত আছে। উক্ত মালামালের সম্ভাব্য মূল্য = ৬২,৫৭৪/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা রেটসহ অনুমোদন ও নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় পেশ করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত রেটসহ প্রাক্কলন অনুমোদন করা হয় ও মালামালগুলি প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | |
| ১৪ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, উপজেলা মডেল মসজিদের পাশ দিয়ে যে রাস্তা নির্মাণ করার কথা রয়েছে সেটি সাধারণ জনগনের চলাচলতির সুবিধার্থে বাউন্ডারি ওয়ালের বাহির পার্শে নির্মাণ করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তিনি আরো বলেন উপজেলা পরিষদটি তার ইউনিয়নের আওতায় অবস্থিত হওয়ায় ইউনিয়ন পরিষদ নীতিমালা ২০০৯ এর ধারা ৬৫ মোতাবেক হোল্ডিং ট্যাক্স | সভায় বিস্তারিত আলোচনান্তে মডেল মসজিদের অভ্যন্তরের রাস্তাটি সাধারণ জনগনের চলাচলের সুবিধার্থে বাউন্ডটি | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আদায়ের বিধান রয়েছে। সেহেতু উপজেলা পরিষদের বিভিন্ন কোয়ার্টার ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন এর ভাড়া বিবেচনায় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার হোল্ডিং ট্যাক্স প্রাপ্তি জন্য ৫৯ নং স্মারকের ১২/০১/২০২৩ খ্রি: তারিখে আবেদন দাখিল করেছেন। উক্ত হোল্ডিং ট্যাক্স পরিশোধের বিষয় সভায় বিস্তরিত আলোচনান্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার স্থালে ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা দিঘলিয়া ইউনিয়ন পরিষদের অনুকূলে পরিশোধ করার জন্য সকলে একমত পোষণ করেন। | ওয়ালের বাহির পাশ্বে নির্মাণ করাসহ দিঘলিয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক উপজেলা পরিষদের বিভিন্ন ভবনের হোল্ডিং ট্যাক্স বাবদ=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার পরিবর্তে =২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা হোল্ডিং ট্যাক্স উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫ | চেয়ারম্যান সেনহাটি ইউপি | সভায় চেয়ারম্যান সেনহাটি ইউপি জানান যে, চন্দনীমহল ভট্রাচার্য নির্মাণাধীন বাজারের চান্দিনার ছাউনি না হওয়ায় বাজারের দোকান ব্যাবসায়ীরা খোলা আকাশের নিচে রাস্তার পার্শ্বে বেচা কেনা করেণ । এতে করে ক্রেতা এবং বিক্রাতাদের প্রতিনিয়ত বিভিন্ন রকম সমস্যার সম্মূখীন হতে হচ্ছে। উক্ত সমস্য হতে পরিত্রান পেতে দুত চান্দিনার ছাউনির ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভট্রাচার্য নির্মাণাধীন বাজারের ছাউনি কাজ দুত সংশ্লিষ্ট ঠিকাদারকে সম্পন্ন করে দেওয়ার ব্যাপারে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা |
| ১৬ | চেয়ারম্যান যোগীপোল ইউপি | সভায় চেয়ারম্যান যোগীপোল ইউপি জানান যে, তার ইউনিয়নে বসবাসকারী সাধারণ জনগন ইউনিয়ন পরিষদের হোল্ডিং ট্যাক্স দিতে চায় না। তিনি বলেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ইউনিয়ন শাখার ইউনিয়ন পরিষদ নীতিমালা ২০০৯ এর ধারা ৬৫ মোতাবেক হোল্ডিং ট্যাক্স আদায়ের বিধান রয়েছে। সে মোতাবেক তিনি তার ইউনিয়নের চৌকিদারদের দিয়ে বাড়িতে গিয়ে হোল্ডিং ট্যাক্স আদায়ের জন্য পাঠালেও তারা সেটা দিতে অনিহা প্রকাশ করে। যদিও কয়েকজন দেয় তাও তার বসবাসকৃত বাস ভবনের তুলনায় নগণ্য। বিধায় তিনি সরকার কর্তৃক আরোপিত হোল্ডিং ট্যক্স আদায়ের জন্য উপজেলা পরিষদের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেণ। | সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদের আওতাধীন বসবাসকারী ব্যক্তিদের হোল্ডিং ট্যাক্স আদায়ের ব্যপারে উপজেলা পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবর পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের বনছায়া ও মালতী ভবনে বসবাসকারী কর্মকর্তা কর্মচারীদের সেপটি ট্যাংকি ওভারফ্লো হওয়ায় উহা পরিস্কারের জন্য সংশ্লিষ্ট বসবাসকারীগণ লিখিত ভাবে আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ঐ দুটি সেপটি ট্যাংকিসহ গেজেটেট কোয়ার্টার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ অন্যান্য ভবনের সেপটি ট্যাংকি পরিস্কার করা প্রয়োজন। এছাড়া পরিষদের কয়েকটি সিসি ক্যামেরা অকেজো হয়ে থাকায় নিরাপত্তার স্বার্থে দুত মেরামত/ পরিবর্তন করা প্রয়োজন। তাছাড়া শহীদ মিনারটি মেরামত করে রং করা এবং পুরাতন ভবনের নিচতলার কিছু যায়গা ও অডিটোরিয়াম মেরামত ও রং করণ করা প্রয়োজন। তিনি আরো বলেন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৩ যথাযথ মর্যাদায় উদ্ যাপন উপলক্ষে আনুষঙ্গিক খরচ পরিচালনার জন্য উপজেলা পরিষদের | সভায় বিস্তারিত আলোচনান্তে বনছায়া ও মালতী ভবনসহ অন্যান্য ওভারফ্লো সেপটি ট্যাংকিগুলো পরিস্কার করা এবং সিসি ক্যামেরা মেরামত/পরিবর্তন ও পুরাতন অডিটোরিয়াম এর মেরামত করা এবং শহীদ দিবস উদযাপন উপলক্ষে আনুসঙ্গিক খরচ বাবদ ২০,০০০/- টাকা উপজেলা | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাজস্ব তহবিল হতে ২০,০০০/- টাকা ব্যয় নির্বাহের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, নগরঘাট থেকে দিঘলিয়া ইউনিয়ন পরিষদ পর্যন্ত এবং পথের বাজার হয়ে হাসপাতাল মোড়, ও পথের বাজার থেকে পানিগাতী পর্যন্ত রাস্তার পাশ্বে যে গাছগুলো বনবিভাগ কর্তৃক সমিতির মাধ্যমে রোপন করা হয়েছিল। সে গাছগুলোর যে মেয়াদ ছিল তা পূর্ণ হয়ে গেছে। যার ফলে ঐ গাছ গুলোর প্রাক্কলন প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করেন। তিনি আরো জানান অত্র উপজেলায় দীর্ঘ ৪০-৫০ বছর পূর্বে যে খালগুলো খনন করা হয়েছিল সেগুলো পলি পরে প্রায় ভরাট হয়ে যাওয়ায় বিলের পানি নদীতে বের হতে না পরায় কৃষি জমি কৃষকরা আবাদ করতে পারছে না বিধায় নিম্নোক্ত খাল গুলো দ্রুত খনন করা অতীব জরুরী যথা: ৩ নং দিঘলিয়া ইউনিয়নের ব্রহ্মগাতী মৌজায় ০৮ নং ওয়ার্ডের (১) গোয়াল পাড়া ব্রিজ হইতে ভাষারবিল পর্যন্ত, আনুমানিক ৩ কি: মি: (২) ০২ নং বারাকপুর ইউনিয়নের বারাকপুর মৌজার ০১ নং ওয়ার্ডে কুতুবউদ্দিনের জোলা, আনুমানিক ১.৫ কি: মি:। (৩) ০২ নং বারাকপুর ইউনিয়নের বারাকপুর মৌজার ০২ নং ওয়ার্ডে তোরাবউদ্দিনের জোলা আনুমানিক ১.৫ কি:মি। (৪) ০২ নং বারাকপুর ইউনিয়নের বারাকপুর মৌজার ০৩ নং ওয়ার্ডে শ্রীখালের শাখা খাল (কুমড়ীর বিল) আনুমানিক ২ কি: মি:। (৫) ০২ নং বারাকপুর ইউনিয়নের বারাকপুর মৌজার ০৩ নং ওয়র্ডে নলামারা খাল আনুমানিক ১ কি: মি:। (৬) ০১ গাজীরহাট ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের বামনডাঙ্গা গ্রামের বামনডাঙ্গা মৌজার মোজামের খাল আনুমানিক ৩ কি: মি:। (০৭) ০১ গাজীরহাট ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডে ক্যেটলা মৌজায় ক্যেটলা মোড়ল বাড়ী খাল আনুমানিক ৩ কি: মি:। (৮) ০৪ নং সেনহাটী ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের হাজীগ্রাম মৌজায় মোমিনপুর খাল বটতলা থেকে সাগুরিয়া খাল আনুমানিক ২ কি: মি:। (৯) ০১নং গাজীরহাট ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের মাঝিরগাতী মৌজায় ইসলামডাঙ্গা খাল ২ কি: মি:। (১০) ০৩ দিঘলিয়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মহেশ্বরপুর গ্রামে গফ্ফার মোড়লের ঘের হইতে লাখোহাটী সরদার বাড়ী পর্যন্ত আনুমানিক ২ কি: মি:। (১১) ০৩ নং দিঘলিয়া ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের ব্রক্ষগাতী কদমতলা হইতে সাগুরিয়া খাল পর্যন্ত আনুমানিক ২ কি: মি:। (১২) ০৩ নং দিঘলিয়া ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের পানিগাতী কচুয়ার বিল দোহার খাল পর্যন্ত আনুমানিক ১.৫ কি: মি:। (১৩) আড়ংঘাটা ইউনিয়নে বিলডাকাতিয়া এলাকায় সানতলা খাল কুটিরঘাট পর্যন্ত আনুমানিক ২ কি:মি:। (১৪) আড়ংঘাটা ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের সরদারডাঙ্গা থেকে খুলনা বাইপাস সড়ক পর্যন্ত ১ কি: মি (১৫) ৪ নং সেনহাটি ইউনিয়নের মোমিনপুর খাল বটতলা থেকে সাকুলে খাল পর্যন্ত ২ কিলোমিটার। (১৬) ৪ নং সেনহাটি ইউনিয়নের গাজীপাড়া খাল আনুমানিক ১ কিলোমিটার। (১৭) ৪ নং সেনহাটি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের গোদারা খাল আনুমানিক ১ কিলোমিটার। (১৮) ১ নং গাজীরহাট ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের মহিষদিয়া হইতে পুরান খাল আনুমানিক ২ কিলোমিটার। (১৯) ১ নং গাজীরহাট ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ডোমরা নদী থেকে ডোমরা বিলের ভিতর পর্যন্ত ১ কিলোমিটার। (২০) ১ নং গাজীরহাট ইউনিয়নের হালিম মেম্বার এর বাড়ী হইতে দরিমহিষদিয়া রাস্তা পর্যন্ত আনুমানিক ৩ কিলোমিটার। (২১) ৩ নং দিঘলিয়া ইউনিয়নের নতুন খাল সাগুলিয়া খাল থেকে হাজীগ্রাম আতাই নদী পর্যন্ত ২ কিলোমিটার। (২২) ৩ নং দিঘলিয়া ইউনিয়নের দোয়ার খাল সাগুরিয়া থেকে | সভায় বিস্তারিত আলোচনান্তে বনবিভাগ কর্তৃক রোপনকৃত গাছগুলো মেয়াদ পূর্ণ হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং আলোচনায় বর্ণিত খালগুলো পানি নিস্কাশনের সুবিধার্থে দ্রুত খাল গুলো খননের সংশ্লিষ্ট দপ্তরে সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া নদীর পাশ্ববর্তী এলাকা নদী ভাঙ্গনের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ভেড়ী বাঁধগুলো দ্রুত মেরামত/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড বরাবর কার্যবিবরনী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা বন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |

হাজীগ্রাম আতাই নদী পর্যন্ত ২ কিলোমিটার। (২৩) ৫ নং আড়ংঘাটা ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের ঝাউতলা থেকে কৃষি প্রশিক্ষ ইনিষ্টিউট এর শেষ প্রান্ত পর্যন্ত খাল পূণঃ খনন ১০০০ মিটার। (২৪) ৬ নং যোগীপোল ইউনিয়নের বুচিতলা নূরু মেম্বার এর বাড়ি হইতে তেলীগাতী বাইপাস সড়ক পর্যন্ত আনুমানিক ২ কিলোমিটার। (২৫) ৬ নং যোগীপোল ইউনিয়নের হালদার ঘাট ইহতে শশ্মান ঘাট পর্যন্ত ১ কিলোমিটার। (২৬) ৬ নং যোগীপোল ইউনিয়নের কুয়েট ক্যাম্পাস হইতে রাজাপুর খাল পর্যন্ত আনুমানিক ২ কিলোমিটার। (২৭) ২ নং বারাকপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইয়াকুব সর্দারের বাড়ী হইতে সাগুরিয়ার খালের উপর কালভাট অভিমুখে ২ কিলোমিটার পর্যন্ত খাল খনন। (২৮) ২ নং বারাকপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের বাইন বাড়ী হইতে বোয়ালিয়ারচর স্কুল অভিমুখে ১ কিলোমিটার পর্যন্ত খাল খনন। মোট ২৮ টি খাল দীর্ঘ ৪০-৫০ বছর পুনঃখনন না করায় খালে পলি পরে ভরাট হয়ে আছে। বিধায় খালের তলদেশ পলি পড়ে ভরাট হয়ে যাওয়ায় এবং পানির প্রবাহ না থাকায় বৌর মৌসুমে ইরি ধানের আবাদ মারাত্মক ব্যহত হচ্ছে একই  সংলগ্ন বিলে মাছের উৎপাদন হ্রাস পেয়েছে এবং ঘের মালিকগণ পানির সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। পানি উত্তোলন এবং নির্গমনের সুবিধা না থাকায় আধুনিক পদ্ধতিতে মাছ চাষ না হওয়ায় মাছের বিভিন্ন রকম সমস্যাসহ প্রতিবছর রোগ বালাই দেখা দিচ্ছে। সে কারণে খালগুলো পুনঃখনন হলে এলাকার আমিষের চাহিদা পূরণসহ চাষিরা অর্থনৈতিক ভাবে উপকৃত হবে তাই খালগুলো পুনঃখনন করা জরুরী প্রয়োজন হয়ে পড়েছে।

তিনি আরো বলেন দিঘলিয়া উপজেলার নদীর পাশ্ববর্তী এলাকার ভেড়ী বাঁধগুলো ভাঙ্গানের হাত থেকে রক্ষাকল্পে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত স্থানে জিও ব্যাগ/ব্লক দ্বারা মেরামত করা প্রয়োজন। ১। মাননীয় প্রধান মন্ত্রীর গোডাউন হতে নগরঘাট পর্যন্ত ব্লক স্থাপন পূর্বক ভেড়িবাঁধ  নির্মাণ, ২।সেনহাটি ইউনিয়নের চন্দনীমহল খেয়াঘাটের দক্ষিনে আশ্রায়ন প্রকল্পের সম্মুখের জিওব্যাগ দ্বারা ভেড়িবাঁধ নির্মাণ, ৩। সেনহাটি ইউনিয়নের কাটাবন আশ্রায়ন প্রকল্পের সম্মুখের ভেড়িবাঁধ, ৪। সেনহাটি ইউনিয়নের বয়াতীপাড়ার পূর্বপাশ্বে ভেড়িবাঁধ, ৫। সেনহাটি ইউনিয়নের মোকামপুর খেয়াঘাটের উত্তর ও দক্ষিণ পাশ্বে মসজিদের মাসনের ভেড়িবাঁধ, ৬। সেনহাটি ইউনিয়নের বাতিভিটা হাজীগ্রাম রাজবংশিপাড়ার সম্মুখের ভেড়িবাঁধ, ৭। বারাকপুর ইউনিয়নের বোয়ালিয়ার চরের ভেড়িবাঁধ, ৮। বারাকপুর ইউনিয়নের আড়ুয়া উদায়ন বিদ্যাপিঠ স্কুলের সম্মুখের ভেড়িবাঁধ, ৯। বারাকপুর আমবাড়িয়ার পশ্চিমপাড়ার ভেড়িবাঁধ, ১০। বারাকপুর ইউনিয়নের মাধবপুর ভেড়িবাঁধ, ১১। গাজীরহাট ইউনিয়নের আমবাড়িয়া ভেড়িবাঁধ, ১২। গাজীরহাট ইউনিয়নের সোনাকুড় ভেড়িবাঁধ, ১৩। গাজীরহাট ইউনিয়নের ডোমড়া ভেড়িবাঁধ, ১৪। গাজীরহাট ইউনিয়নের আবালগাতী ভেড়িবাঁধগুলো দ্রুত মেরামত/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ড বরাবর প্রেরণের করার জন্য সকলে একমত পোষণ করেন।

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের  ডিসেম্বর/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/- | ৬,০৩,০৮২/- |

| | |
|---|---|
| ০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর ডিসেম্বর/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১২,৬৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান. মালী এর ডিসেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর ডিসেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মোঃ আজিজুর রহমান প্রকল্প সভাপতি ও ইউপি সদস্য দিঘলিয়া এর নামে উপজেলা পরিষদের হলরুম ও চেয়ারম্যান এর অফিস কক্ষে চেয়ার ক্রয়ের বিল বাবদ=২,০০,০০০/-<br>১৩। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে ডিসেম্বর/২২ মাসের বিদ্যুৎ বিল =১১,৭৭৭/-<br>১৪। মোঃ হাফিজুর রহমান ইউপি সদস্য প্রকল্প সভাপতি দিঘলিয়া, খুলনার এর নামে দিঘলিয়া উপজেলা পরিষদের মিটিং রুমের জন্য প্রজেক্টর,সাউন্ড বক্স, কালার প্রিন্টার, প্রিন্টার কার্টিজ, ফটোকপির কালি, স্ক্যানার ও এন্টি ভাইরাস ক্রয়ের বিল বাবদ=২,০০,০০০/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৭২ তারিখ: ২৬.০১.২০২৩ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

২৬/০১/২০২৩
(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২